দৈনিক ইত্তেফাক

তারিখ 22 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ২

৩৪

# বিশ্ববিদ্যালয় হলে কোন বহিরাগত নাই

............................................ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির-উদ্দিন সরকার গতকাল (বুধবার) সংসদে জানান যে, ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের হলগুলিতে অবৈধভাবে বহিরাগতদের অবস্থান করার কথা

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## শিক্ষামন্ত্রী

( ১ম পৃ: পর )

সত্য নহে। তিনি শাহ মু: রুহুল কুদ্দুসের প্রশ্নের জবাবে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন-রত ২০ হাজার ৪৪৫ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৯ হাজার ৮ জন আবাসিক, রাজশাহী বিশ্ব-বিদ্যালয়ে ১১ হাজার ৯০৮ জনের মধ্যে ৬ হাজার ৪১০ জন, কৃষি বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার ৯৪৭ জনের মধ্যে ২ হাজার ৯৭০ জন, প্রকৌশল বিশ্ববিদ্যা-লয়ে ৪ হাজার ৩৬৯ জনের মধ্যে ২ হাজার ১৭০ জন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৭ হাজার ৩৪২ জনের মধ্যে ২ হাজার ৮১৬ জন জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে ২ হাজার ৯২৯ জনের মধ্যে ২ হাজার ৭৪৬ জন আবাসিক। বিশ্ববিদ্যালয়ে প্রচলিত নিয়ম অনু-সারে ছাত্র-ছাত্রীদের হলের সীট বরাদ্দ করা হয়। এই নিয়ম মেধার ভিত্তিতে চালু রহিয়াছে। তবে বিশ্ববিদ্যালয় শহরের বাহিরের প্রার্থীদের থাকা-খাওয়ার অসুবিধা থাকিলে সেক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয়।